

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সফরের আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

বাড়ি থেকে বের হওয়ার পূর্বে ২ রাকআত নামায পড়া মুস্তাহাব

মহানবী (ﷺ) বলেন, "যখন তুমি তোমার বাড়ি থেকে বাহির হওয়ার ইচ্ছা কর, তখন দুই রাকআত নামায পড়ে নাও। এই নামায তোমাকে (বাড়ির) বাইরের অমঙ্গল থেকে রক্ষা করবে। আর যখন তুমি বাড়ি প্রবেশ করবে, তখনও দুই রাকআত নামায পড়ে নাও। এই নামায তোমাকে (বাড়ির) ভিতরের অমঙ্গল থেকে রক্ষা করবে।[1]

ফুটনোট

[1]. বায্যার, সিলসিলাহ সহীহাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/১৩২৩

Source — https://www.hadithbd.com/books/link/?id=7946

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন